



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্লেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯,

০২২২৩৩-৫৮৬৮১

ই-মেইল: [dgmpid@krishibank.org.bd](mailto:dgmpid@krishibank.org.bd)

পত্র নং-প্রকা/ক্লেডিট(শাখা-৩)প্রক্রিবি-৩(৭৯)/২০২২-২০২৩/ ২৮৭(২০১)

তারিখঃ ৩০/০৪/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ পরিবেশবান্ধব ও টেকসই অর্থায়ন (পরিবেশবান্ধব অর্থায়নসহ) খাতে বার্ষিক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং-১৮৪৫(১২৫০), তারিখঃ ২৯/০১/২০২৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০১। উল্লেখিত পত্রের মাধ্যমে এসএফডি সার্কুলার নং-০১, তারিখঃ ১১/০১/২০২১ ও এসএফডি সার্কুলার লেটার নং-০৩, তারিখঃ ০৪/০৮/২০২১ এর নির্দেশনা অনুসরণপূর্বক ২০২৩ পঞ্জিকাবর্ষে (জানুয়ারী-ডিসেম্বর) অত্র ব্যাংকের পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়নের (পরিবেশবান্ধব অর্থায়নসহ) বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করতঃ নির্দেশিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন নিশ্চিতকল্পে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। জানুয়ারী-মার্চ/২০২৩ ত্রৈমাসে টেকসই অর্থায়ন খাতে অত্র ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের হার সন্তোষজনক হলেও পরিবেশবান্ধব অর্থায়ন খাতে মাঠ পর্যায়ে নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার খুবই নগন্য, যা কোনভাবেই কাম্য নয়।

০৩। ২০২৩ পঞ্জিকাবর্ষে (জানুয়ারী-ডিসেম্বর) পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশবান্ধব অর্থায়নসহ) খাতে অত্র ব্যাংকের বার্ষিক নির্ধারিত লক্ষ্যমাত্রা ছিল নিম্নরূপঃ

(কোটি টাকায়)

ক্রমিক নং	পরিবেশ বান্ধব অর্থায়ন লক্ষ্যমাত্রা	টেকসই অর্থায়ন (পরিবেশবান্ধব অর্থায়নসহ) লক্ষ্যমাত্রা
০১	৫০৭.৬৬	(৩২৯৯.৮২+৫০৭.৬৬)= ৩৮০৭.৮৮

➤ বার্ষিক নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে জানুয়ারী-মার্চ/২০২৩ সময়ে মাঠ কার্যালয়সমূহের অর্জন নিম্নরূপঃ

পরিবেশবান্ধব অর্থায়ন (ছিন ব্যাখ্যিঃ)

(কোটি টাকায়)

বিবরণ	জানুয়ারী-মার্চ/২০২৩ সময়ে বিতরণকৃত মোট মেয়াদী ঋণ/বিনিয়োগের পরিমাণ (কর্মচারী ঋণ ব্যতীত)	জানুয়ারী-মার্চ/২০২৩ সময়ে বিতরণকৃত মোট মেয়াদী ঋণ/বিনিয়োগের বিপরীতে অন্তুল ৫% হারে অর্জনের লক্ষ্যমাত্রা	জানুয়ারী-মার্চ/২০২৩ সময়ে বিতরণকৃত মোট মেয়াদী ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রকৃত অর্জনের পরিমাণ	অর্জন হার (%)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
পরিবেশবান্ধব/সবুজ অর্থায়ন	১৩০.৩৭	৬.৫০	০.২৮	০.২১%	অসন্তোষজনক

টেকসই অর্থায়ন (পরিবেশবান্ধব অর্থায়নসহ)

(কোটি টাকায়)

বিবরণ	জানুয়ারী-মার্চ/২০২৩ সময়ে মোট বিতরণকৃত ঋণ/বিনিয়োগের পরিমাণ (কর্মচারী ঋণ ব্যতীত)	জানুয়ারী-মার্চ/২০২৩ সময়ে মোট বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে অন্তুল ২০% হারে অর্জনের লক্ষ্যমাত্রা	জানুয়ারী-মার্চ/২০২৩ সময়ে মোট বিতরণকৃত ঋণ/বিনিয়োগের বিপরীতে প্রকৃত অর্জনের পরিমাণ	অর্জন হার (%)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
টেকসই অর্থায়ন	৩৫১২.৬৯	৭০২.৫৪	১৯৮১.৯১	৫৬.৪২%	সন্তোষজনক

- জানুয়ারী-মার্চ/২০২৩ সময়ে মাঠ কার্যালয়সমূহের উপরোক্ত তথ্য পর্যালোচনায় দেখা যে, মাঠ পর্যায়ে ময়মনসিংহ বিভাগ ২৭.৯০ লক্ষ টাকা ব্যতীত অন্যান্য বিভাগীয় কার্যালয়সমূহ ছিন ব্যাখ্যিঃ খাতে কোন ঋণ বিতরণ করতে পারেনি।

৪

✓

চলমান পাতা-০২

বিষয়ঃ পরিবেশবান্ধব ও টেকসই অর্থায়ন (পরিবেশবান্ধব অর্থায়নসহ) খাতে বার্ষিক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জন প্রসঙ্গে।

০৮। পরিবেশবাক্তব্য অর্থায়ন খাতে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে ২০২৩ পঞ্জিকাবর্ষে (জানুয়ারী-ডিসেম্বর) ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সময়বদ্ধ কর্মপরিকল্পনা (Time Bound Action Plan) গ্রহণ করতঃ সে মোতাবেক অত্র ব্যাংকের মাঠ পর্যায়ে ঝণ বিতরণ কার্যক্রম জোরাদারকরণের জন্য নির্দেশনা প্রদান হলেও মার্চ/২০২৩ ত্রৈমাসে ছিন ব্যাংকিং খাতে মাঠ কার্যালয়সমূহ ঝণ বিতরণে ব্যর্থ হয়েছে। এমতাবস্থায়, ছিন ব্যাংকিং খাতে ঝণ বিতরণ ত্বরান্বিতকরণ ও চলমান বছরে (জানুয়ারী-ডিসেম্বর/২০২৩) আলোচ্য খাতে নির্দেশিত লক্ষ্যমাত্রা অর্জনে সময়বদ্ধ কর্মপরিকল্পনার বাস্তবায়ন নিশ্চিতকল্পে সংশ্লিষ্টদের পুনরায় অনুরোধ করা হলো।

## ଅନୁମୋଦନକ୍ରମେ-

## আপনার বিশ্বস্ত,

*[Signature]* 6/10/08

(ମୋହାମ୍ମଦ ମଝେନୁଳ ଇସ୍ଲାମ)

Digitized by srujanika@gmail.com

সংযুক্তিঃ বর্ণনামতে ।

ତାରିଖ୍ୟ

পত্র নং-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২২-২০২৩/ ২৮৭(২২৪০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দণ্ডের, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডের, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পদাটি ব্যাধকের অফিসিয়াল ওয়েবের সাহিতে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা ধরণের জন্য অনুরোধ করা হলো।

০৭। নথি/মহানথি।

০৫০৪১২০২৬  
(মোঃ এনামুল হোসেন)  
সহকারী মহাব্যবস্থাপক



## বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯১,

০২২২৩৩-৮৮৬৬১

ই-মেইলঃ [dgmpid@krishibank.org.bd](mailto:dgmpid@krishibank.org.bd)

পত্র নং-প্রকা/ক্রেডিট(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২২-২০২৩/ ১৮-৪৫(১২০০)

তারিখঃ ২৯/০১/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/হানীর মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আওতালিক/আওতালিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আওতালিক/আওতালিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ পরিবেশবান্ধব অর্ধায়ন ও টেকসই অর্ধায়ন (পরিবেশবান্ধব অর্ধায়নসহ) লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের এসএফডি সার্কুলার নং-০১, তারিখঃ ১১/০১/২০২১ ও এসএফডি সার্কুলার লেটার নং-০৩, তারিখঃ ০৪/০৮/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০১। উল্লেখিত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহের নির্দেশনা অনুসারে বছরের প্রারম্ভে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিবেশবান্ধব অর্ধায়ন ও টেকসই অর্ধায়নের (পরিবেশবান্ধব অর্ধায়নসহ) বার্ষিক লক্ষ্যমাত্রা পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক মোট বকেয়া ঋণ ও অগ্রিম ছিত্রিত (মোট বকেয়া ঋণ ও অগ্রিম ছিত্রিত থেকে কর্মচারী ঋণ, মোট শ্রেণিকৃত ঋণ এবং ক্রেডিট কার্ড ঋণ বাদ দিয়ে) ভিত্তিতে নির্ণীত হবে। সে মোতাবেক অত্র ব্যাংকের ৩১ ডিসেম্বর ২০২২ ভিত্তিক মোট বকেয়া ঋণ ও অগ্রিম ছিত্রিত থেকে কর্মচারী ঋণ, মোট শ্রেণিকৃত ঋণ এবং ক্রেডিট কার্ড ঋণ বাদ দিয়ে (৩০২৪৯.০৪-১৬৫৬.৮৭-৩২০৯.৩৫)=২৫৩৮৩.২২ কোটি টাকার ভিত্তিতে পরিবেশবান্ধব অর্ধায়ন ও টেকসই অর্ধায়নের (পরিবেশবান্ধব অর্ধায়নসহ) বার্ষিক লক্ষ্যমাত্রা যথাক্রমে অন্তুন ২% এবং ১৫% নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে।

(কোটি টাকায়)


ক্রমিক নং	পরিবেশ বান্ধব অর্ধায়ন লক্ষ্যমাত্রা	টেকসই অর্ধায়ন (পরিবেশ বান্ধব অর্ধায়নসহ) লক্ষ্যমাত্রা
০১	৫০৭.৬৬	(৩২৯৯.৮২+৫০৭.৬৬)= ৩৮০৭.৪৮

➢ উল্লেখিত লক্ষ্যমাত্রার বিপরীতে অত্র ব্যাংকের পরিবেশবান্ধব অর্ধায়নের অর্জনের হার হবে বিতরণকৃত মোট মেয়াদী ঋণ/বিনিয়োগ (কর্মচারী ঋণ ব্যতিত) এর অন্তুন ৫% এবং টেকসই অর্ধায়নের (পরিবেশবান্ধব অর্ধায়নসহ) অর্জনের হার হবে বিতরণকৃত মোট ঋণ/বিনিয়োগ (কর্মচারী ঋণ ব্যতিত) এর অন্তুন ২০%।

০৩। এমতাবস্থায়, পরিবেশবান্ধব অর্ধায়নসহ টেকসই অর্ধায়ন থাকে উপরোক্ত নির্ধারিত লক্ষ্যমাত্রা বিপরীতে ২০২৩ পঞ্জিকাবর্ষে অর্জন নিশ্চিতকর্ত্ত্বে বাংলাদেশ ব্যাংক এর সার্কুলার ও সার্কুলার লেটারসমূহ এবং অত্র বিভাগ হতে সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা অনুসরণে ঋণ বিতরণ ত্বরান্বিতকরণের জন্য সহিত্বদের অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিষ্ণু,

  
২০২৩

(মোহাম্মদ মাঝনুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২২২৩৩-৮৮৯৪৯

সংযুক্তিঃ বর্ণনামতে।

পত্র নং-প্রকা/ক্রেডিট(শাখা-৩)প্রক্রেবি-৩(৭৯)/২০২১-২০২২/ ১৮-৪৫(১২০০)

তারিখঃ ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঁ।

০১। চৌক স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত প্রাচী ব্যাংকের অবিস্ময় অন্তের সাইটে আপলোড করার অনোন্নীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। নথি/মহানথি।

  
২০২৩

(মোঃ এনামুল হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: www.bb.org.bd

এসএফডি সার্কুলার নং: ০১

জানুয়ারি ১১, ২০২১  
তারিখ: \_\_\_\_\_  
পৌষ ২৭, ১৪২৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান  
প্রিয় মহোদয়,

পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জন প্রসঙ্গে।

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট কর্তৃক জারিকৃত এসএফডি সার্কুলার নং- ০৫/২০২০ তারিখ: ডিসেম্বর ৩০, ২০২০ এবং এসএফডি সার্কুলার লেটার নং- ০৫/২০২০ তারিখ: সেপ্টেম্বর ০৯, ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে,

(ক) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক বছরের প্রারম্ভে পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়নের (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) বার্ষিক লক্ষ্যমাত্রা যথাক্রমে অন্তুন ২% এবং ১৫% নির্ধারণ করতে হবে। উক্ত হারসমূহ পূর্ববর্তী বছরের ডিসেম্বর ৩১ ভিত্তিক নৌট বকেয়া ঝণ ও অগ্রিম স্থিতির (মোট বকেয়া ঝণ ও অগ্রিম স্থিতি থেকে কর্মচারী ঝণ ও মোট শ্রেণিকৃত ঝণ বাদ দিয়ে) ভিত্তিতে নির্ণীত হবে। উল্লেখ্য, নির্দেশিত লক্ষ্যমাত্রা এ বিভাগকে প্রতি বছর জানুয়ারি মাসের শেষ কর্মদিবসের মধ্যে অবহিত করতে হবে।

(খ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিবেশ বান্ধব অর্থায়নের অর্জনের হার তাদের বিতরণকৃত মোট মেয়াদী ঝণ/বিনিয়োগ (কর্মচারী ঝণ ব্যতিত) এর ভিত্তিতে বিবেচিত হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানওয়ারী এ হার অন্তুন ৫% অর্জন নিশ্চিত করতে হবে।

(গ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের টেকসই অর্থায়নের (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) অর্জনের হার তাদের বিতরণকৃত মোট ঝণ/বিনিয়োগ (কর্মচারী ঝণ ব্যতিত) এর ভিত্তিতে বিবেচিত হবে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানওয়ারী এ হার অন্তুন ২০% অর্জন নিশ্চিত করতে হবে।

(ঘ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিবেশ বান্ধব ও টেকসই পণ্য/প্রকল্প/উদ্যোগে অর্থায়নের মাধ্যমে বার্ষিক কাঞ্চিত লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকরী ভূমিকা রাখবে।

(ঙ) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের ফিন ব্যাংকিং ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) কার্যক্রমের অর্জন তাদের CAMELS Rating এবং Sustainability Rating of Banks and Financial Institutions এর মূল্যায়নে বিবেচিত হবে।

৩। পরিবেশ বান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) ত্ত্বান্বিত করার লক্ষ্যে সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের Potential অফিস/শাখাসমূহে Dedicated Sustainable Finance Help Desk স্থাপন এবং প্রধান কার্যালয়ের 'সাসটেইনেবল ফাইন্যান্স ইউনিট' এর কর্মপরিধির আলোকে উক্ত Help Desk এর কর্মকাণ্ড পরিচালনা করবে।

৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হ'ল যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার মোরশেদ মিলাত)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০৩২০

E-mail: morshed.millat@bb.org.bd

gm.sfd@bb.org.bd



এসএফডি সার্কুলার লেটার নং: ০৩

২০ শ্রাবণ ১৪২৮

তারিখ: -----

০৪ আগস্ট ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

**পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়ন (পরিবেশ বান্ধব অর্থায়নসহ) এর লক্ষ্যমাত্রা নির্ধারণ প্রসঙ্গে।**

এসএফডি সার্কুলার নং- ০১/২০২১, তারিখ: ১১ জানুয়ারি ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের মাধ্যমে পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়নের বার্ষিক লক্ষ্যমাত্রা পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক নীট বকেয়া ঝণ ও অগ্রিম স্থিতির (মোট বকেয়া ঝণ ও অগ্রিম স্থিতি থেকে কর্মচারী ঝণ ও মোট শ্রেণিকৃত ঝণ বাদ দিয়ে) ভিত্তিতে নির্ধারণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২। এক্ষণে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, পরিবেশবান্ধব অর্থায়ন ও টেকসই অর্থায়নের (পরিবেশবান্ধব অর্থায়নসহ) বার্ষিক লক্ষ্যমাত্রা নির্ধারণের ভিত্তি পূর্ববর্তী বছরের ৩১ ডিসেম্বর ভিত্তিক বকেয়া ঝণ ও অগ্রিম স্থিতি থেকে কর্মচারী ঝণ, মোট শ্রেণিকৃত ঝণ এবং ক্রেডিট কার্ড ঝণ বাদ দিয়ে নির্ণীত হবে।

৩। এতদ্বারা এসএফডি সার্কুলার নং- ০১/২০২১ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী বলবৎ থাকবে।

৪। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বাস,

(খন্দকার মোরশেদ মিল্লাত)

মহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৩২০

E-mail: morshed.millat@bb.org.bd  
gm.sfd@bb.org.bd